# সবসময় কানেক্টেড
# মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট

মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট
মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতায় প্রশিক্ষণের জন্য একটি নির্দেশিকা



স্বত্বাধিকার © 2018 GSM Association

# মডিউল 5
# Wikip

# 5 -
# edia

# বাইটসা
# প্রশিক্ষণ

# এটা কী?


WIKIPEDIA
The Free Encyclopedia

**ফোনে Wikipedia দেখান**


"Wikipedia হল বিনামূল্যের একটি ইন্টারনেট সূত্র (বা বিশ্বকোষ), যা শিক্ষামূলক বিষয়গুলি সম্পর্কে নিরপেক্ষ, বাস্তব তথ্য প্রদান করে। আপনি যখন Google সন্ধান করেন তখন প্রায়ই এটাই প্রথম সাইট হিসেবে দেখা যায়, অথবা আপনি যে শব্দগুলি সন্ধান করছেন তার সঙ্গে "wiki" শব্দটি টাইপ করতে পারেন।

"Wikipedia পুরো বিশ্ব জুড়ে সাধারণ মানুষদের দ্বারা লিখিত। মানুষরা প্রতি ঘণ্টায় সাইটে পরিবর্তন করেন। আপনি প্রতিটি পাতার নিচে, যেখানে তথ্যের উৎসগুলির তালিকা দেওয়া আছে, তা দেখে নিশ্চিত হতে পারেন যে আপনার পাওয়া তথ্য নির্ভরযোগ্য।

## আপনার যে সব জিনিস প্রয়োজন হবে



স্মার্টফোন হ্যান্ডসেট




WhatsApp পোস্টার

## আপনি কিসের জন্য এটি ব্যবহার করতে পারেন?

"আপনি অনেকগুলি বিভিন্ন বিষয় সন্ধান করার জন্য Wikipedia ব্যবহার করতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি খেলাধূলা, মিউজিক, ইতিহাস, অন্যান্য দেশ বা বিজ্ঞান সম্পর্কে তথ্য সন্ধান করতে পারেন।"


"Wikipedia প্রায় 300 টি ভাষায় উপলব্ধ। প্রতিটিই এমন মানুষরা লিখেছেন যারা সেই ভাষায় কথা বলেন, তাই কিছু Wikipedia-তে অন্যগুলির চেয়ে বেশি প্রবন্ধ আছে। উদাহরণস্বরূপ, ফরাসি Wikipedia-তে 2 মিলিয়ন প্রবন্ধ আছে কিন্তু ইংরেজি Wikipedia-তে 5 মিলিয়নের বেশি প্রবন্ধ আছে।

প্রশিক্ষককে বোঝান তিনি যেন Wikipedia-র সুবিধা সম্পর্কে নিজের ব্যক্তিগত উদাহরণগুলি দেন এবং কিসের জন্য এটি ব্যবহার করেন তা উল্লেখ করেন।

এটিকে প্রশিক্ষনার্থীর কাছে **প্রাসঙ্গিক করে তুলুন:** প্রশিক্ষনার্থীর নিজের জীবনে এটি কীভাবে উপকারী হতে পারে তা আলোচনা করুন।

## এটা কিভাবে কাজ করে?

### ফোনটি প্রশিক্ষনার্থীর হাতে দিন এবং তাকে ধাপগুলি অনুসরণ করতে সাহায্য করুন




**Wikipedia কিভাবে ব্যবহার করতে হয়**
পোস্টার দেখান এবং Wikipedia প্রবন্ধ (যেমন 'আফ্রিকা', 'মিউজিক' বা 'বিশ্বকাপ') সন্ধান করার ধাপগুলি ব্যাখ্যা করুন।

## অনুশীলন করুন!

**"এখন আপনি জানেন যে Wikipedia কিভাবে ব্যবহার করতে হয়, আপনি কিসের জন্য এটি ব্যবহার করতে চান?"**

প্রশিক্ষক: প্রশিক্ষনার্থীকে তার ফোনে Wikipedia প্রবন্ধ সন্ধান করতে সহায়তা করুন।

**পরামর্শ:** "Wikipedia প্রায় 300 টি ভাষায় উপলব্ধ। প্রতিটিই এমন মানুষরা লিখেছেন যারা সেই ভাষায় কথা বলেন, তাই কিছু Wikipedia-তে অন্যগুলির চেয়ে বেশি প্রবন্ধ আছে। উদাহরণস্বরূপ, ফরাসি Wikipedia-তে 2 মিলিয়ন প্রবন্ধ আছে কিন্তু ইংরেজি Wikipedia-তে 5 মিলিয়নের বেশি প্রবন্ধ আছে।

**ব্যাখ্যা করুন:** আপনি হয়ত দেখবেন যে ইন্টারনেটে সন্ধান করার জন্য Google বা Yahoo-এর মতো অন্য কোনো সেবা ব্যবহার করার সময় Wikipedia দেখতে পাওয়া যায়। কোনো সন্ধানের প্রথম ফলাফলটি প্রায়ই Wikipedia হয়। কোনো বিষয়ের সংক্ষিপ্ত বর্ণনা পাওয়ার জন্য আপনি বেশির ভাগ ক্ষেত্রেই প্রথমে Wikipedia দেখতে পারেন এবং তারপরে আরো নির্ভরযোগ্য তথ্য পাওয়ার জন্য সূত্রগুলি অন্বেষণ করতে পারেন।


# পোস্টার কাট-আউট ও তথ্যপত্র














কীভাবে ব্যবহার করতে হয়


# Wikipedia


## কীভাবে ভাষা পরিবর্তন করতে হয়



কীভাবে ব্যবহার করতে হয়

# Wikipedia





# সার্টিফিকেট

মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতা
প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন

তারিখ

স্বাক্ষরিত

★ ★ ★ ★ ★



# সার্টিফিকেট

মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতা
প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন

★ ★ ★ ★ ★

তারিখ

স্বাক্ষরিত